

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৫, ২০১৭

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ফ্রেস ডিলিশাস ফুড “Fresh Delicious Food “ (রেজিঃ নং-৩১৬৮৯/০৭, তারিখ ০২-১২-২০০৭ খ্রিঃ) নামক অংশীদারী প্রতিষ্ঠানের জন্মলগ্ন (০২-১২-২০০৭ খ্রিঃ) এর ১০ (দশ) জন অংশীদারের মধ্যে গত ৩০-০৫-২০১৭ খ্রিঃ তারিখে (১) মোঃ আবুল বাশার মিল্লাত (২) শহীদ আলম, (৩) এস এম নাসির উদ্দিন, (৪) ফখর উদ্দিন আহমেদ, (৫) রোকসানা নাসরিন, (৬) মিসেস আকলিমা খাতুন, (৭) নাজমুল হাসান এবং (৮) উম্মে সালমা তাহাদের শেয়ারের বিনিয়োগকৃত ৯,৬০,০০০/= (নয় লাখ ষাট হাজার) টাকা সমুদয় শেয়ার পূর্বের ২(দুই) জন অংশীদার এবং নতুন ২(দুই) জন অংশীদারসহ মোট ৪(চার) জন অংশীদারগণের বরাবরে নিম্নে বর্ণিতভাবে হস্তান্তরের মাধ্যমে প্রতিষ্ঠান হইতে অব্যাহতি নিয়াছেন। প্রতিষ্ঠানটির বিদ্যমান ৪(চার) জন অংশীদার (১) নুর মোহাম্মদ, (২) সাবিনা ইয়াসমিন (৩) তালাত মুরছালিন আলীফ এবং (৪) উম্মে ফাতেমা ফাহিমদা খাতুন এর যৌথ সিদ্ধান্ত মোতাবেক বিদায়ী অংশীদার মোঃ আবুল বাশার মিল্লাত, শহীদ আলম, এস এম নাসির উদ্দিন, ফখর উদ্দিন আহমেদ, রোকসানা নাসরিন, মিসেস আকলিমা খাতুন, নাজমুল হাসান এবং উম্মে সালমা এর বিনিয়োগকৃত ৯,৬০,০০০/= (নয় লাখ ষাট হাজার) টাকা বিদ্যমান ৪(চার) জন অংশীদারগণের মধ্যে প্রকৃত বিনিয়োগের আনুপাতিক হারে পুনঃ বিনিয়োগের শর্তে প্রদান করা হয়েছে। বর্তমান অংশীদারদের লাভ-ক্ষতির অংশ নিম্নরূপঃ ১ম পক্ষ (৮%+৪৭%)= ৫৫%, ২য় পক্ষ ১৫%, ৩য় পক্ষ ১৫% এবং ৪র্থ পক্ষ (৮%+৭%)= ১৫% অংশের মালিক। গত ১৪-০৬-২০১৭ খ্রিঃ তারিখে সভায় সর্বসম্মতভাবে উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করে ফার্মটি পুনঃগঠন (Re-Constitute) করা হয়েছে। (ক) ১ম পক্ষ নুর মোহাম্মদ, নির্বাহী অংশীদার, (খ) ২য় পক্ষ সাবিনা ইয়াসমিন, অংশীদার। (গ) ৩য় পক্ষ তালাত মুরছালিন আলীফ, অংশীদার এবং (ঘ) ৪র্থ পক্ষ উম্মে ফাতেমা ফাহিমদা খাতুন, অংশীদার।

(৭৩২৫)

মূল্য : টাকা ৪.০০

উক্ত তারিখ হতে মোঃ আবুল বাশার মিল্লাত, শহীদ আলম, এস এম নাসির উদ্দিন, ফখর উদ্দিন আহমেদ, রোকসানা নাসিরন, মিসেস আকলিমা খাতুন, নাজমুল হাসান এবং উম্মে সালমা এর সাথে কেউ কোন প্রকার ব্যবসায়িক লেন-দেন করলে অত্র প্রতিষ্ঠান দায়ী নহে।

নূর মোহাম্মদ

নির্বাহী অংশীদার

ফ্রেশ ডিলিশাস ফুড “Fresh Delicious Food.”